



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী পরিচালকের কার্যালয়  
তুলা উন্নয়ন বোর্ড  
মনিটরিং শাখা  
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-.৪৪

### বিষয়: তুলা ফসলের জরুরী পরিচর্যা।

দেশের যেসব অঞ্চলে অতিবৃষ্টি জনিত জলাবদ্ধতা ও অনবরত বৃষ্টিতে তুলা ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে সে সকল এলাকায় তুলা ফসলের অধিক ফলন নিশ্চিতকরণসহ কৃষকদেরকে লাভবান করার লক্ষ্যে জমির ধরণ ও এলাকা অনুযায়ী নিম্নবর্ণিত পরিচর্যাসমূহ অনুসরণ করার জন্য বলা হলো-

১. অতিবৃষ্টির কারণে তুলার জমিতে পানি জমে গেলে অতিস্বল্প নীলা কেটে পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে।
২. জমির পানি নেমে যাওয়ার পর পানিতে নিমজ্জিত তুলা গাছের পাতায় লেগে থাকা কাঁদা বা পলিমাটি পরিষ্কার পানি দিয়ে ধুয়ে দিতে হবে।
৩. নাবীতে বপনকৃত/রোপনকৃত তুলার জমিতে গাছের সংখ্যা ঠিক রাখার জন্য অতিদ্রুত চারা দিয়ে গ্যাপ ফিলিং করতে হবে।
৪. জমিতে পানি জমে থাকলে গোড়া পঁচা রোগ হওয়ার সম্ভাবনা থাকে। তুলা গাছের গোড়া পঁচা রোগ দমনের জন্য প্রোপিকোনাজল+ডাইফেনোকোনাজল/সমমান গ্রুপের ছত্রাকনাশক ০.৫- ০.৭ মি.লি./লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে। এ ছাড়াও নিম্নচাপ বা বৃষ্টিপাতের আভাস থাকলে বৃষ্টিপাত শুরুর আগেই একই ভাবে ছত্রাকনাশক প্রয়োগ করতে হবে।
৫. মাটিতে জোঁ আসার সাথে সাথে মাটি থেকে ধুয়ে যাওয়া সারের ক্ষতি পুষিয়ে নিতে বিঘা প্রতি ৮-১০ কেজি ডিএপি, ৬-৮ কেজি এমওপি ও ৬-৮ কেজি জিপসাম সার প্রয়োগ করে সম্ভব হলে গৌড়ায় মাটি দিয়ে পুনরায় বেঁধে দিতে হবে।
৬. বৃষ্টির পর জমিতে জোঁ আসা মাত্রই শেষ ডোজের সার মাটিতে প্রয়োগের পর গোড়ায় মাটি উচু করে বাধাই করে দিতে হবে, যাতে পরবর্তীতে গাছ হেলে না পড়ে।
৭. জমি সব সময় ভিজা স্যাঁতস্যাঁতে থাকলে গাছের কুঁড়ি, ফুল ও ফল ঝড়ে যায়। এরূপ অবস্থায় মাটি আলগা করে শূকানোর ব্যবস্থা করা দরকার। ফুল ও ফল ঝড়া রোধের জন্য ন্যাপথালিন এসিটিক এসিড (NAA) ও জিবরালিক এসিড (GA) পরিমাণমত প্রয়োগ করতে হবে।
৮. জ্যাসিড নিয়ন্ত্রনের জন্য ১ম গুপের ইমিডাক্লোরোপিড/ডাইফেনথিউরন/থায়োমেথাক্সসল/সমমান গুপের কীটনাশক গাছের পাতার নীচে স্প্রে করতে হবে এবং পাতার শিরায় জ্যাসিডের ডিম ফুটে আবারো সংখ্যায় বৃদ্ধি পাওয়ার আশংকা রোধের জন্য একটি স্প্রে করার ০৩ দিনের মধ্যে অন্য গুপের কীটনাশক স্প্রে করতে হবে।
৯. ফসলের অঙ্গজ বৃদ্ধির ধরণ অনুযায়ী গাছের বৃদ্ধি রোধ, গাছ শক্ত, পাতা পুরু ও গাঢ় সবুজ করার জন্য প্রয়োজনে প্রতি লিটার পানিতে ২-৩ এমএল রুপালী বাম্পার (তবে মাত্রা অবশ্যই গাছের বৃদ্ধি, জমির উর্বরতা ও আবহাওয়ার উপর কম বেশী হতে পারে) মিশ্রিত করে গাছের শীর্ষ ডগায় স্প্রে করতে হবে। গাছের বৃদ্ধির উপর ভিত্তি করে ১০-১৫ দিন অন্তর অন্তর (৬০-৭০ দিন বয়স পর্যন্ত) ৩-৫ বার ম্যাপিকুয়েট ক্লোরাইড বা রুপালী বাম্পার স্প্রে করতে হবে।
১০. অনবরত বৃষ্টির কারণে জমিতে জোঁ না আসায় আগাছা দমনে রাসায়নিক পদ্ধতিতে আগাছানাশক (কুইজালোফপ-পি-ইথাইল+ইথোক্সিসালফিউরন গুপ বা সমজাতীয়) প্রয়োগ করতে হবে।
১১. গাছের বয়স ৭০-৮০ দিন হতে প্রতি ১৫ দিন অন্তর গাছের বৃদ্ধি ও ফুল ফল ধারণের অবস্থা বিবেচনা করে প্রতি ১০ লিটার পানিতে ১৫০-২০০ গ্রাম ইউরিয়া, ১০০ গ্রাম পটাশ, ১০-১৫ গ্রাম বোরন সার এবং প্রয়োজনে যে কোন উন্নত মানের পিজিআর পাতায় প্রয়োগ করতে হবে।
১২. এছাড়াও জমি ও এলাকাভেদে তুলা ফসলের অধিক ফলন লাভের জন্য বিশেষ পরিচর্যা গ্রহন করা যেতে পারে।

তুলা কৃষকদেরকে তুলার অধিক ফলন নিশ্চিতকরণসহ তুলাচাষে লাভবান করার নিমিত্তে সকল পযায়ের সম্প্রসারণ কর্মকর্তা ও কর্মীদেরকে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থানপূর্বক কৃষকদেরকে প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য বলা হলো। কৃষকদেরকে প্রয়োজনীয় সেবা প্রদানে কোন প্রকারের অভিযোগ উত্থাপিত হলে বা ব্যত্যয় ঘটলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে। তুলা ফসলের বর্তমান অবস্থা সম্পর্কে সিসিডিওগন নিয়মিতভাবে সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করবেন এবং উপপরিচালকগন নিয়মিতভাবে ফসলের অবস্থা এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।

১৭-০৯-২০২৪

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব  
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সকল) এবং
- ২। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)।

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৫.৯৯.০০১.১৭-৪৪/১ (৭)

২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
- ২। উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
- ৩। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল);
- ৪। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড;
- ৫। কর্মসূচি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কর্মসূচি পরিচালকের দপ্তর, তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ কর্মসূচি, তুলা উন্নয়ন বোর্ড;
- ৬। তুলা উন্নয়ন কর্মকর্তা, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড এবং
- ৭। ব্যক্তিগত সহকারী, নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।



১৮-০৯-২০২৪

মুহাম্মদ মোফাজ্জল হোসেন  
সিনিয়র জিনিং অফিসার